বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও আরএমডি
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

dgmamlcft@krishibank.org.bd
Phone: ০২২২৩৩৮৪৪৮৬

প্রকা/এএমএল-আরএমডি-৫/অডিট কমিটি/২০২৫-২৬/১৫৩৭

তারিখ ঃ ২১ সেপ্টেম্বর ২০২৫

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
০৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
০৬। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে )
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ বিকেবি পর্ষদ অডিট কমিটির ৮৪তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক পর্ষদ অডিট কমিটির ৮৪ তম সভায় ব্যাংকের AML-CFT বিষয়ক পরিপালন অবস্থা বিশদভাবে পর্যালোচনা করা হয়। এক্ষেত্রে, ব্যাংকের মানিলন্ডারিং সংক্রান্ত ঝুঁকিসমূহ নিরূপণপূর্বক তা নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়। সে মোতাবেক, ব্যাংকের AML-CFT পরিপালন অবস্থা উন্নয়নের নিমিত্ত সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে নিম্নবর্ণিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

| ক্র.নং | গৃহীতব্য ব্যবস্থা | কার্যকরণ |
|---|---|---|
| ০১. | ব্যাংকে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম মূল্যায়নে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক প্রণীত Independent Testing Procedure (ITP) এর রিপোর্টে শাখাসমূহের Rating এর মানোন্নয়নের লক্ষ্যে AML-CFT সংক্রান্ত পরিপালন ব্যবস্থা আরও জোরদার করতে হবে। এক্ষেত্রে ব্যাংকের শাখাসমূহের মধ্যে ITP রিপোর্টে যে সকল শাখার রেটিং 'সন্তোষজনক' পর্যায়ে রয়েছে তাদেরকে 'শক্তিশালী' পর্যায়ে উন্নীতকরণ এবং যে সকল শাখার রেটিং 'মোটামুটি ভাল' পর্যায়ে রয়েছে তাদের রেটিং কমপক্ষে 'সন্তোষজনক' পর্যায়ে উন্নীতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি/ **RAMLCO/** শাখা |
| ০২. | ব্যাংকের আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক শাখাসমূহের AML-CFT কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে এবং উক্ত কমিটির কার্যক্রম ও এতদসংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ AML-CFT বিভাগ বরাবর যথাসময়ে প্রেরণ করতে হবে।<br>এক্ষেত্রে, আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক অঞ্চলাধীন শাখাসমূহের মধ্যে প্রতি ত্রৈমাসিকে কমপক্ষে ৩টি শাখা পরিদর্শনপূর্বক AML-CFT কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে (মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল ২০১৮ এর পরিচ্ছেদ-১০) আবশ্যিকভাবে পরবর্তী মাসের ২০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে। | আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি/ **RAMLCO** |
| ০৩. | মাঠ কার্যালয়সমূহকে গ্রাহকের লেনদেন/আচরণ নিবিড় মনিটরিং এর মাধ্যমে সন্দেহজনক লেনদেন/সন্দেহজনক কার্যক্রম Suspicious Transaction Report (STR)/Suspicious Activity Report (SAR) হিসেবে যথাযথভাবে AML-CFT বিভাগে রিপোর্টিং করতে হবে। সেক্ষেত্রে,<br>i) গ্রাহকের অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণ এর সহায়ক হিসেবে অত্র বিভাগের ১৫-০৪-২০২৫ তারিখের পত্র নং-৪৯৭০ এর সাথে সংযুক্ত STR Detection Format এ প্রদত্ত নিম্নোক্ত ৬টি Red Flags অনুযায়ী শাখা সন্দেহজনক লেনদেন চিহ্নিত করবে ও যথাযথভাবে রিপোর্টিং করবে।<br>a) TP amount and frequency of transaction exceeded.<br>b) Fund Movement Speed.<br>c) Transaction after long time (6 months or above).<br>d) Structuring (N consecutive days + (> 9.99 lacs ).<br>e) CTR (10 lacs and above).<br>f) PEPs/IPs/Local Influential | আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি/ **RAMLCO/** শাখা ব্যবস্থাপক/ **BAMLCO** |

বিষয় ঃ বিকেবি অডিট কমিটির ৮৪তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

| ক্র.নং | গৃহীতব্য ব্যবস্থা | কার্যকরণ |
|---|---|---|
| | ii) শাখাসমূহ CTR সহ সকল ধরণের লেনদেন পর্যালোচনার নিমিত্ত পৃথক রেজিস্টার সংরক্ষণ করবে।<br>iii) শাখা কর্তৃক অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণ ও দাখিলের ক্ষেত্রে কোনরূপ অবহেলা/ শৈথিল্য আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক কঠোরভাবে বিবেচনা করতে হবে।<br>iv) সকল শাখাকে সঠিক এবং যথাসময়ে CTR/ STR রিপোর্টকরণ বিষয়ক প্রত্যয়ন প্রেরণ করতে হবে। | আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি/ RAMLCO/ শাখা ব্যবস্থাপক/ BAMLCO |
| ০৪. | শাখা ব্যবস্থাপক/BAMLCO কর্তৃক শাখার সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়ে AML-CFT বিষয়ক আইন, নীতিমালা, সার্কুলার, নথিপত্র সংরক্ষণ প্রভৃতি বিষয়ে In House প্রশিক্ষণ এর ব্যবস্থা করতে হবে। বিষয়টি আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শনের মাধ্যমে মনিটরিং করতে হবে। | শাখা ব্যবস্থাপক/ BAMLCO |
| ০৫. | ব্যাংকের সকল শাখার CTR রিপোর্টিং ডিসেম্বর-২০২৫ এর মধ্যে CBS এর আওতায় আনয়নের লক্ষ্যে শাখার CIF ১০০% আপডেটকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি/RAMLCO /শাখা ব্যবস্থাপক/ BAMLCO |
| ০৬. | মাঠ কার্যালয়সমূহ কর্তৃক AML-CFT সংক্রান্ত সকল ডকুমেন্ট/নথিপত্র হালনাগাদপূর্বক যথাযথভাবে সংরক্ষণের বিষয়টি আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিশ্চিত করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে শাখা পরিদর্শন প্রতিবেদন প্রেরণকালে শাখাসমূহে AML-CFT সংক্রান্ত সকল নীতিমালা, সার্কুলার, নথিপত্র যথাযথভাবে সংরক্ষিত আছে মর্মে প্রত্যয়ন পত্র প্রেরণ করতে হবে। | আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি/ RAMLCO |

এমতাবস্থায়, বিকেবি পর্ষদ অডিট কমিটির উল্লিখিত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নপূর্বক ব্যাংকের AML-CFT Rating এর মান উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত পর্ষদ সভায় AML-CFT বিষয়ক নির্দেশনাসমূহ পরিপালনে ব্যর্থতায় সংশ্লিষ্টগণের জবাবদিহিতার বিষয়টি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২১/০৭/২০২৫

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি